ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 022 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০২২ ● কলকাতা ● ০৮ মাঘ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২২ জানুয়ারি ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 181

## হিমালয়ের সমর্পণ যোগ



কিন্তু তার সঙ্গে সঙ্গে আত্মসুখও প্রাপ্ত করেন এবং আত্মসুখ শুধু এবং শুধু দান করেই প্রাপ্ত করতে পারবেন। ঐ দানই আপনার আত্মাকে সুখী আর প্রসন্ন করতে পারে। সেইজন্যে আধ্যাত্মিক ক্ষেত্রে দানের খুব মহত্ত্ব আছে যাতে দান করে আপনি আত্মসুখ প্রাপ্ত করেন এবং আত্মসুখ থেকেই আধ্যাত্মিক উন্নতি সম্ভব।

ক্রমশঃ

# এসএসসি দুর্নীতি মামলায় ইডি 'মিডলম্যান' প্রসন্নর ৫৮ কোটির সম্পত্তি বাজেয়াপ্ত করল





স্টাফ রিপোর্টার, রোজদিন

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত তৃণমূল বিধায়ক জীবনকৃষ্ণ সাহা এবং 'মিডলম্যান 'প্রসন্ন কুমার রায়ের বিপুল সম্পত্তি বাজেয়াপ্ত করে ইডি। আটক সম্পত্তির মূল্য ৫৭ কোটি ৭৮ লক্ষ টাকা। এটি সূত্রে দাবি বাজেয়াপ্ত সম্পত্তির মধ্যে রয়েছে নগদ টাকা রিসোর্ট হোটেল বিভিন্ন সম্পত্তি।পরে এই মামলায় আর্থিক দুর্নীতির তদন্ত শুরু করে ।বর্তমানে প্রসন্ন জেল হেফাজতে রয়েছেন ।তদন্তে নেমে প্রসন্নের বিভিন্ন সংস্থায় ২৬ কোটি ১ লক্ষ ৮৯ হাজার ৬৭২ টাকার সন্ধান পায় ইডি। তবে ইডির পক্ষ থেকে আদালতে চার্জশিটে জানানো হয়েছে প্রসন্ন স্থানীয় চাষীদের মজুরি ভিত্তিতে জমিতে অর্থ বিনিয়োগ করেছিলেন। এছাড়া

এরপর ৩ পাতায়

ভর্তি চলছে

ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# ভোটের আগে তৃণমূলকে চ্যালেঞ্জ মিঠুনের



স্টাফ রিপোর্টার, রোজদিন

ভোটের আগে তৃণমূল কংগ্রেসের জনপ্রিয় স্লোগান 'খেলা হবে' - এই শব্দবন্ধকেই হাতিয়ার করে রাজ্যের শাসক দলকে সরাসরি হুঁশিয়ারি দিলেন বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী । সিউড়িতে দলীয় সভা থেকে তাঁর স্পষ্ট বার্তা, ভোট মিটলেই যে 'খেলা' হয়, তা সবাই জানে।এতেই থামেননি মিঠুন। তিনি আরও সন্দেহ প্রকাশ করেন, ওই ফাইলে তৃণমূলের ভোটব্যাঙ্ক হিসেবে পরিচিত অবৈধ অনুপ্রবেশকারী বা অভারতীয়দের তালিকাও থাকতে পারে। এই মন্তব্যে রাজনৈতিক বিতর্ক আরও তীব্র হওয়ার ইঙ্গিত মিলছে।

ভোট যত এগোচ্ছে, ততই আক্রমণ-পাল্টা আক্রমণের সুর চড়ছে রাজ্য রাজনীতিতে। সিউড়ির সভা থেকে মিঠুন চক্রবর্তীর বক্তব্য স্পষ্ট করে দিল - আসন্ন নির্বাচনের লড়াই শুধু স্লোগানের মধ্যে সীমাবদ্ধ থাকবে না, তা রাজনৈতিক ময়দানে আরও তীব্র সংঘাতে গড়াতে চলেছে।এবার সেই খেলায় বিজেপিও মাঠে নামবে।

মিঠুনের বক্তব্যে উঠে আসে সাম্প্রতিক নির্বাচনী ইতিহাসের প্রসঙ্গ। ২০২১ সালের বিধানসভা নির্বাচন হোক বা ২০২৪ সালের লোকসভা ভোট - দু'ক্ষেত্রেই ভোট-পরবর্তী হিংসার অভিযোগে বারবার তৃণমূল কংগ্রেসের নাম জড়িয়েছে। সেই অভিজ্ঞতার কথাই টেনে এনে বিজেপি নেতা বলেন, একতরফা খেলা আর চলবে না। এবার দু'দলই মাঠে নামবে এবং সঠিক সময়ে সুযোগ নিয়ে গোল করে দেবে বিজেপি - এমনটাই তাঁর দাবি।

ফুটবলের উপমায় মোড়া এই রাজনৈতিক বার্তায় তৃণমূলের 'খেলা হবে' স্লোগানকে উল্টে দিতে চেয়েছেন মিঠুন। তাঁর কটাক্ষ, ''এক টিম নিয়ে খেলা হয় না। এবার দু'জনেই খেলব। আর ঠিক সময়ে পেনাল্টিতে বল বসিয়ে টুক করে গোল করে দেব।''

রাজ্য রাজনীতিতে তৃণমূল ও বিজেপির মধ্যে 'আঁতাত' বা গোপন সমঝোতার যে আলোচনা মাঝেমধ্যেই শোনা যায়, তাকেও সরাসরি খারিজ করেন মিঠুন চক্রবর্তী । তাঁর কথায়, এই ধরনের জল্পনা সম্পূর্ণ মিথ্যে এবং মানুষকে বিভ্রান্ত করার জন্যই ছড়ানো হয়। বিজেপি নেতা স্পষ্ট করেন, তৃণমূলের সঙ্গে কোনও রকম 'সেটিং' নেই, ভবিষ্যতেও হবে না। এই প্রসঙ্গেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করে তিনি বলেন, ''দশভূজার মতো গোলকিপার হয়ে দাঁড়ালেও পায়ের ফাঁক দিয়ে গোল করে দেব।''

এদিনের বক্তৃতায় রাজনৈতিক হুঁশিয়ারির পাশাপাশি উঠে আসে আইপ্যাক ও ইডি অভিযান সংক্রান্ত বিতর্কও। আইপ্যাক কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে ইডি হানার দিন মুখ্যমন্ত্রীর উপস্থিতি এবং তাঁর হাতে থাকা একটি 'সবুজ ফাইল' নিয়ে ইতিমধ্যেই রাজ্য রাজনীতিতে জল্পনা তুঙ্গে। সেই বিতর্কে নতুন করে আগুন জ্বালালেন মিঠুন চক্রবর্তী।

তৃণমূল কংগ্রেসের দাবি, ইডি আসন্ন নির্বাচনের গুরুত্বপূর্ণ তথ্য হাতাতে এসেছিল এবং সেগুলিই উদ্ধার করা হয়েছে। কিন্তু বিজেপির দাবি ঠিক উল্টো। মিঠুনের বক্তব্য, ওই সবুজ ফাইলে কয়লা, বালি-সহ বিভিন্ন দুর্নীতির টাকার হিসেব ছিল। কে কাকে কত টাকা দিয়েছে, কে কত টাকা নিয়েছে - এই সব তথ্য চাপা দিতেই মুখ্যমন্ত্রী ওই ফাইল সঙ্গে করে নিয়ে যান বলে তাঁর অভিযোগ।

## ১০ পয়সার অবদান দেখাতে পারলে আমি রাজনীতি করব না: অভিষেক



স্টাফ রিপোর্টার, রোজদিন

ভোট-মুখী পশ্চিমবঙ্গে চড়ছে রাজনীতির পারদ। বিভিন্ন সভা-সমাবেশ থেকে শাসক থেকে বিরোধী উভয়পক্ষই একে অপরের বিরুদ্ধে নিশানা শানাচ্ছে। সঙ্গে ছুঁড়ছে চ্যালেঞ্জও। এবার পুরুলিয়ার বিজেপি সাংসদের উদ্দেশে চ্যালেঞ্জ ছুঁড়ে দিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন পুরুলিয়ায় 'রণ সংকল্প সভায়' বক্তব্য রাখার সময় অভিষেক বলেন, "লক্ষ্মীর ভাণ্ডার দিতে সরকারকে (রাজ্য সরকার) প্রতি বছর ২৭ হাজার কোটি টাকা খরচ করতে হয়। অভিষেক বলেন, "এই যে বলছেন, আয়ুষ্মান ভারত মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার নাকি করতে দেয়নি। পুরুলিয়ার ভাইয়েরা শুনুন, আপনার হাতে যদি স্মার্ট ফোন থাকে, বাড়িতে যদি টিভি-মোটর বাইক থাকে, রেডিও থাকে-বাড়িতে পাকা ছাদ হয়, আপনি আয়ুষ্মান ভারতের কোনও লাভ পাবেন না। এখানে প্রায় ৫০ শতাংশ মানুষের হাতে স্মার্ট ফোন রয়েছে। যাদের হাতে স্মার্ট ফোন রয়েছে তাঁরা কেউ আয়ুষ্মান ভারত পাবেন না। এই কন্ডিশনগুলো ভারত সরকার বেঁধে দিয়েছে। মোদি সরকার। আর মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বাস্থ্যসাথী, আপনার হাতে ফোন থাকলেও পাবেন, না থাকলেও পাবেন। বাড়িতে টেলিফোন থাকলেও পাবেন, না থাকলেও পাবেন। স্কুটার-মোটর বাইক

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# ১০ পয়সার অবদান দেখাতে পারলে আমি রাজনীতি করব না: অভিষেক

থাকলেও পাবেন, না থাকলেও পাবেন। টিভি থাকলেও পাবেন, না থাকলেও পাবেন। বাড়িতে পাকা ছাদ থাকলেও পাবেন, না থাকলেও পাবেন। যদি বাংলায় আয়ুষ্মান ভারত করত তাহলে বাংলায় ১০ কোটির মধ্যে ৯০ লক্ষ মানুষ আয়ুষ্মা ভারত পেত। ৯ কোটি ১০ লক্ষ মানুষ পেত না। আর মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বাস্থ্যসাথী ১০ কোটি মানুষ পাচ্ছেন।"জ্যোতির্ময় সিং মাহাতোকে বলুন, লক্ষ্মীর ভাণ্ডারে যদি ১০ পয়সার অবদান দেখাতে পারেন আমি রাজনীতি করব না। ২৭ হাজার কোটি টাকার মধ্যে। মিথ্যবাদীদের দল, বড় বড় ভাষণ?" গত ১৭ জানুয়ারি মালদায় সভা করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সভামঞ্চ থেকে একাধিক ইস্যুতে তৃণমূলকে তীব্র আক্রমণ করেন তিনি। তার অন্যতম ছিল, আয়ুষ্মান ভারত যোজনা। মোদি বলেছিলেন, "আমি চাই, দেশের বাকি অংশের মতো বাংলার গরিবরাও ৫ লক্ষ টাকার বিনামূল্যে চিকিৎসা পান। এখানে আয়ুষ্মান ভারত যোজনা লাগু হোক। কিন্তু, আজ বাংলা পশ্চিমবঙ্গের একমাত্র এমন রাজ্য যেখানে ৫ লক্ষ টাকার আয়ুষ্মান যোজনা লাগু হতে দেওয়া হয়নি। বিগত কয়েক বছরে এই যোজনায় দেশের কোটি কোটি গরিব মানুষ নিজেদের বিনামূল্যে চিকিৎসা করিয়েছেন। কিন্তু, তৃণমূল বাংলায় গরিব ভাই-বোনদের আয়ুষ্মান যোজনার লাভ নিতে দেয় না। এত নির্মম সরকারের পশ্চিমবঙ্গ থেকে বিদায় প্রয়োজন।" এদিন সেই প্রসঙ্গ টেনে এনে পাল্টা জবাব দিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক।

(১ম পাতার পর)

# এসএসসি দুর্নীতি মামলায় ইডি 'মিডলম্যান' প্রসন্নর ৫৮ কোটির সম্পত্তি বাজেয়াপ্ত করল

তাঁর রোজগার করা অর্থ নিজের বিভিন্ন সংস্থার অ্যাকাউন্টে জমা করেছিলেন। কেনা হয়েছিল একাধিক সম্পত্তি। এগুলি অবশেষে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা বাজেয়াপ্ত করে।এই গুলি কেনা হয়েছিল অযোগ্য প্রার্থীদের কাছ থেকে নেওয়া টাকা দিয়ে। শুধু সম্পত্তি কেনা না আত্মীয় পরিজনদের নামে বিভিন্ন ব্যবসাতেও চাকরি দুর্নীতি থেকে টাকা নিয়ে গিয়ে বিনিয়োগ করেছিলেন তৃণমূল বিধায়ক জীবনকৃষ্ণ সাহা।
মুর্শিদাবাদ জেলার বড়ঞার তৃণমূল বিধায়ক জীবন কৃষ্ণকে নিয়োগ মামলায় ২০২৩ সালে এপ্রিলে গ্রেফতার করে সিবিআই। সেই সময় সেই পুকুরে মোবাইল ফোন ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। আমার কাছে টাকা নেই। পরে জামিনে ছাড়া পান তিনি। এরপর গত বছর আগস্টে সেই নিয়োগ মামলাতে ইডি, গ্রেফতার করে তাঁকে। সেই সময় সে পাঁচিলে উঠে পাঁচিল টপকে পালানোর চেষ্টা করেছিলেন। ইডির দাবি বেশ কিছু সন্দেহজনক লেনদেনের হদিস পাওয়া গিয়েছে। বিধায়কের স্ত্রী এবং বাবার ব্যাংক অ্যাকাউন্ট লেনদেনের জন্য ব্যবহার হয়েছে। এ বিষয়ে নথি চেয়েও পাওয়া যায়নি বলে আদালতের ইডির আইনজীবী জানান। এছাড়া এসএসসি দুর্নীতি মামলায় প্রসন্নকে গ্রেফতার করে সিবিআই।

# কলকাতায় এনজিটি-র পূর্বাঞ্চলীয় শাখায় শিশুদের জন্য খেলার জায়গার ব্যবস্থা

**কলকাতা, ২১ জানুয়ারি, ২০২৬**

ন্যাশনাল গ্রিন ট্রাইব্যুনাল (এনজিটি) কলকাতায় তার পূর্বাঞ্চলীয় শাখার জন্য ট্রাইব্যুনালের দপ্তরে শিশুদের খেলার ব্যবস্থা করেছে। দেশের মধ্যে এই ধরনের উদ্যোগ এই প্রথম। এর মধ্য দিয়ে কর্মীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং একটি সর্বাঙ্গীণ কর্মক্ষেত্র সংক্রান্ত ব্যবস্থাপনা নিশ্চিত করতে ট্রাইব্যুনালের প্রগতিশীল উদ্যোগ প্রতিফলিত হয়।
এনজিটি-র চেয়ারপার্সন বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব এই ব্যবস্থাপনার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে শ্রী ঈশ্বর সিং, রেজিস্ট্রার শ্রী দীপ্ত ঘোষ, ডেপুটি রেজিস্ট্রার শ্রীমতী তনুশ্রী দত্ত, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার শ্রী যশ কুমার সিং সহ উর্ধ্বতন আধিকারিকরা উপস্থিত ছিলেন। শিশুদের উপস্থিতি এই অনুষ্ঠানে নতুন মাত্রা যোগ করেছিল।
একটি অন্তর্ভুক্তিমূলক, মানবিক প্রতিষ্ঠানের বিভিন্ন সুযোগ-সুবিধা এবং পুরুষ ও মহিলা নির্বিশেষে প্রতিটি কর্মীর সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য এনজিটি-র

এরপর ৬ পাতায়

# টুমাকুরু'তে ডঃ শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালু'র সপ্তম স্মরণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করলেন উপ-রাষ্ট্রপতি

**নয়াদিল্লি, ২১ জানুয়ারি, ২০২৬**

উপ-রাষ্ট্রপতি শ্রী সি পি রাধাকৃষ্ণন আজ কর্ণাটকের টুমাকুরু'তে শ্রী সিদ্ধগঙ্গা মঠে ডঃ শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালু'র সপ্তম স্মরণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
উপ-রাষ্ট্রপতি বলেন, মহাস্বামীজীর সমাধিলাভের পর ৭ বছর কেটে গেলেও সময়ের সঙ্গে সঙ্গে তাঁর প্রাসঙ্গিকতা আরও গভীর হচ্ছে। অনিশ্চয়তা, বিভাজন এবং অশান্ত আকাঙ্ক্ষার এই যুগে স্বামীজীর জীবন এক নৈতিক কম্পাস, যা সমাজকে শেখায় ব্যক্তি স্বার্থের ঊর্ধ্বে উঠে মানবতাকে বরণ করে নিতে।
পঞ্চদশ শতকে প্রতিষ্ঠিত শ্রী সিদ্ধগঙ্গা মঠের সমৃদ্ধ উত্তরাধিকার স্মরণ করিয়ে দিয়ে উপ-রাষ্ট্রপতি বলেন, এখানে ত্রিবিধ দাশোহা অর্থাৎ - খাদ্য, শিক্ষা এবং আশ্রয়ের মাধ্যমে সেবা করার দীর্ঘ ঐতিহ্য রয়েছে। ১৯৪১ সালে ডঃ শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালু এই মঠের দায়িত্বভার গ্রহণ করেন। সন্ন্যাসী হিসেবে তিনি আচার অনুষ্ঠানের মধ্যে সীমাবদ্ধ না থেকে কাজে উৎসাহী ছিলেন। আধ্যাত্মিকতাকে তিনি সেবায়, ভক্তিকে কর্তব্যে পরিণত করেছিলেন।
স্বামীজীর জীবন সেই চিরায়ত ভারতীয় সত্যকেই স্মরণ করিয়ে দেয় যে, সেবাই হ'ল সাধনা এবং মানবতা হ'ল সর্বশ্রেষ্ঠ পূজা।
উপ-রাষ্ট্রপতি বলেন, ডঃ শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালু এবং বর্তমান মঠাধীশের নেতৃত্বে সিদ্ধগঙ্গা মঠ এক শক্তিশালী সামাজিক আন্দোলনে পরিণত হয়েছে। গরীব পরিবারগুলির লক্ষ লক্ষ শিশু জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে এই মঠে খাবার, শিক্ষা ও আশ্রয় পাচ্ছে।
উপ-রাষ্ট্রপতি বিকশিত ভারতের দিকে যাত্রায় সিদ্ধগঙ্গা মঠের মতো আধ্যাত্মিক প্রতিষ্ঠানগুলির ভূমিকার উপর জোর দিয়ে বলেন, ভারতের আধ্যাত্মিক ও সাংস্কৃতিক ঐতিহ্য ধর্ম,

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## ক্ষুদ্র শিল্পোন্নয়ন ব্যাঙ্ক'কে ইক্যুইটি মূলধন সহায়তার প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ ক্ষুদ্র শিল্পোন্নয়ন ব্যাঙ্ক (SIDBI)-কে ৫ হাজার কোটি টাকার ইক্যুইটি মূলধন সহায়তার অনুমোদন দিয়েছে।

আর্থিক পরিষেবা দপ্তর তিনটি পর্বে SIDBI-কে এই ৫ হাজার কোটি টাকা ইক্যুইটি মূলধন সরবরাহ করবে। ২০২৫-২৬ অর্থ বছরে ৩১.০৩.২০২৫ – এর বুকভ্যালু ৫৬৮ টাকা ৬৫ পয়সায় দেওয়া হবে ৩ হাজার কোটি টাকা। ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থ বছরে সংশ্লিষ্ট বছরগুলির ৩১ মার্চের বুকভ্যালু'তে ১ হাজার কোটি টাকা করে বাকি অর্থ দেওয়া হবে।

৫ হাজার কোটি টাকার এই মূলধনী যোগানের ফলে SIDBI-র এমএসএমই-গুলিকে অর্থ সহায়তা করার ক্ষমতা বাড়বে। ২০২৫ অর্থবর্ষের শেষে যে ৭৬.২৬ লক্ষ এমএসএমই-কে অর্থ সহায়তা করা হয়েছে, তা ২০২৮ অর্থবর্ষের শেষে বেড়ে ১০২ লক্ষে পৌঁছবে বলে আশা করা হচ্ছে। অর্থাৎ, অর্থ সাহায্যপ্রাপ্ত এমএসএমই-র সংখ্যা ২৫.৭৪ লক্ষ বাড়বে। এমএসএমই মন্ত্রকের ওয়েবসাইট – এর সর্বশেষ তথ্যানুযায়ী (৩০.০৯.২০২৫) ৬.৯০ কোটি এমএসএমই ৩০.১৬ কোটি কর্মসংস্থান সৃষ্টি করেছে। অর্থাৎ, গড়ে প্রতিটি এমএসএমই থেকে ৪.৩৭ জনের কর্মসংস্থান হচ্ছে। ২০২৭-২৮ অর্থবর্ষের শেষে নতুন আর্থিক সাহায্যপ্রাপ্ত ২৫.৭৪ লক্ষ এমএসএমই আরও ১.১২ কোটি কর্মসংস্থান সৃষ্টি করবে বলে মনে করা হচ্ছে।

# তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার
(ত্রিশতম পর্ব)



সরস্বতী। সরস্বতী নদীর তীরেই বৈদিক এবং ব্রাহ্মণ্য সংস্কৃতির উদ্ভব। শাস্ত্রীয় বিধান অনুসারে শ্রীপঞ্চমীর দিন সকালেই সরস্বতী পূজা সম্পন্ন হয়। সরস্বতী পূজা সাধারণ পূজার নিয়মানুসারেই হয়। তবে এই পূজায় আলাদা কিছু সামগ্রী যেমন : অভ্র-আবির, আমের মুকুল, দোয়াত-কলম ও যবের শিষ ছাড়াও লাগে বাসন্তী রঙের গাঁদা ফুল।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

# টুমাকুরু'তে ডঃ শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালু'র সপ্তম স্মরণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করলেন উপ-রাষ্ট্রপতি

সেবা, বসুধৈব কুটুম্বকম্ এবং প্রকৃতির প্রতি শ্রদ্ধার মতো মূল্যবোধের মাধ্যমে সমাজকে টিকিয়ে রেখেছে, তাকে অন্তর্ভুক্তিমূলক সুস্থিত উন্নয়নের পথ দেখাচ্ছে।

এই কালজয়ী মূল্যবোধগুলি বর্তমানে আন্তর্জাতিক মঞ্চে প্রাতিষ্ঠানিক স্বীকৃতি পেয়েছে বলে উপ-রাষ্ট্রপতি মন্তব্য করেন। তিনি বলেন, ঐতিহ্য সংরক্ষণ, প্রথাগত জ্ঞান, সাধু-সন্ত ও আধ্যাত্মিক প্রতিষ্ঠানগুলির প্রতি শ্রদ্ধা এমন এক শাসন মডেলকে তুলে ধরে, যা সব নাগরিককে সমানভাবে সেবা করতে এবং সব বিশ্বাসকে সম্মান করতে শেখায়।

উপ-রাষ্ট্রপতি বলেন, শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীগালুর প্রতি প্রকৃত শ্রদ্ধার প্রদর্শন মালা বা বক্তৃতার মাধ্যমে নয়, কাজের মাধ্যমে করতে হবে। আরও একটি শিশুকে শিক্ষিত করে তুলতে হবে, আরও ক্ষুধার্থ প্রাণকে খাওয়াতে হবে, আরও একটি অভাবী ব্যক্তির পাশে দাঁড়াতে হবে। তবেই স্বামীজী শুধু অতীতের স্মৃতি হয়ে নয়, ভারতের ভবিষ্যতের দিক-নির্দেশকারী এক জীবন্ত উপস্থিতি হয়ে থাকবেন।

কর্ণাটকের রাজ্যপাল শ্রী থাওয়ার চাঁদ গেহলট, কেন্দ্রীয় রেল ও জল শক্তি প্রতিমন্ত্রী শ্রী ভি সোমান্না, কর্ণাটকের স্বরাষ্ট্র মন্ত্রী ডঃ জি পরমেশ্বর, শ্রী সিদ্ধগঙ্গা মঠের মঠাধীশ শ্রী শ্রী সিদ্ধালিঙ্গ মহাস্বামীগালু প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বোধ হয় বৌদ্ধ বজ্রযোগিনী হিন্দু ছিন্ন মস্তাতে পরিণত হইয়াছিলেন এবং তাহার যথেষ্ট প্রমাণও আছে। ধ্যান হইতে দেখা যায়, বজ্রযোগিনী পীতবর্ণা ও নগ্না।

তিনি স্বয়ং নিজ মস্তক দক্ষিণ হস্তধৃত কর্ত্রি দ্বারা কর্তিত করিয়া, বাম হস্তে বক্ষের নিকট নিকট ধারণ করেন। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# যৌথ বিবৃতি: সংযুক্ত আরব আমিশাহীর রাষ্ট্রপতি শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের ভারত সফর

(দ্বিতীয় পর্ব)

**নয়াদিল্লি, ১৯ জানুয়ারি, ২০২৬**

শাখা ভারতীয় কর্পোরেট ও বিনিয়োগকারীদের জিসিসি এবং এমইএনএ বাজারের বিশ্বব্যাপী নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ শাখা হিসেবে কাজ করবে বলে তাঁদের অভিমত।

দুই নেতা খাদ্য নিরাপত্তা ক্ষেত্রে ভারত ও সংযুক্ত আরব আমিরশাহী সহযোগিতা বৃদ্ধির দৃঢ় অঙ্গীকার প্রকাশ করেছেন। সুস্থিত সরবরাহ-শৃঙ্খল এবং দীর্ঘমেয়াদী স্থিতিস্থাপকতা নিশ্চিত করার ক্ষেত্রে এর গুরুত্ব স্বীকার করেছেন তাঁরা। দুই দেশের জাতীয় অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সুস্থিত কৃষিকে এগিয়ে নিয়ে যেতে এবং জাতীয় খাদ্য নিরাপত্তা বৃদ্ধিতে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব, উদ্ভাবন ও জ্ঞান বিনিময়ের গুরুত্বের উপর জোর দেওয়া হয়েছে।

দুই নেতা মহাকাশ ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করতে সহমত হয়েছেন। মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগে এই ক্ষেত্রের বাণিজ্যিকীকরণকে উৎসাহ দিতে একটি যৌথ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন তাঁরা। এর লক্ষ্য হ'ল – সার্বিক পরিকাঠামো ও শক্তিশালী শিল্প ভিত্তি সহ এক সুসমন্বিত মহাকাশ পরিমণ্ডল তৈরি করা। এখানে ভারত – সংযুক্ত আরব আমিরশাহী যৌথ মিশনগুলি চালানো হবে, বিশ্বব্যাপী বাণিজ্যিক পরিষেবার সম্প্রসারণ ঘটানো হবে, উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মসংস্থানের সুযোগ ও স্টার্টআপ উদ্যোগের সুযোগ তৈরি হবে এবং সুস্থিত ব্যবসায়িক মডেলের মাধ্যমে দ্বিপাক্ষিক বিনিয়োগ জোরদার হবে।

দুই নেতা বিজ্ঞান ও প্রযুক্তি এবং উদ্ভাবনী ক্ষেত্রে সহযোগিতা আরও নিবিড় করার সিদ্ধান্ত নিয়েছেন। কৃত্রিম বুদ্ধিমত্তা ও উদীয়মান প্রযুক্তিগুলির উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। ভারতে একটি সুপার কম্প্যুটিং ক্লাস্টার প্রতিষ্ঠায় সহযোগিতার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ডেটা সেন্টার স্থাপনের ক্ষেত্রে সহযোগিতার পন্থাপদ্ধতি অনুসন্ধান করতে তাঁরা সম্মত হয়েছেন। পারস্পরিক স্বীকৃত সার্বভৌমত্বের আওতায় সংযুক্ত আরব আমিরশাহী এবং ভারতের মধ্যে 'ডিজিটাল দূতাবাস' স্থাপনের সম্ভাবনা খতিয়ে দেখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ভারতে যে এআই ইমপ্যাক্ট সামিট – এর আয়োজন করা হবে, রাষ্ট্রপতি নাহিয়ান তার প্রতি সমর্থন ব্যক্ত করেছেন।

দুই নেতা দ্বিপাক্ষিক জ্বালানী অংশীদারিত্ব নিয়ে সন্তোষ প্রকাশ করে ভারতের জ্বালানী নিরাপত্তায় সংযুক্ত আরব আমিরশাহীর অবদান স্বীকার করেছেন। হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড (এইচপিসিএল) এবং এডিএনওসি গ্যাস – এর মধ্যে ২০২৮ সাল থেকে প্রতি বছর ০.৫ মিলিয়ন টন তরল প্রাকৃতিক গ্যাস সরবরাহ নিয়ে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে, তাকে স্বাগত জানিয়েছেন তাঁরা। দুই নেতা ভারতের শান্তি আইনকে স্বাগত জানিয়ে বলেছেন, অসামরিক পরমাণু সহযোগিতার ক্ষেত্রে এই আইন নতুন সুযোগ তৈরি করবে। উভয় পক্ষ বৃহৎ পারমাণবিক চুল্লি এবং ক্ষুদ্র মডিউলার চুল্লির উন্নয়ন ও স্থাপন সহ উন্নত পারমাণবিক প্রযুক্তি ক্ষেত্রে অংশীদারিত্বের সম্ভাবনা খতিয়ে দেখতে সম্মত হয়েছে। এর পাশাপাশি, উন্নত চুল্লি ব্যবস্থা, পরমাণু বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং পারমাণবিক নিরাপত্তা ক্ষেত্রে সহযোগিতায় সহমত হয়েছে দুই দেশ।

দুই নেতা আর্থিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা গভীরতর হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন। দক্ষ, দ্রুত ও সাশ্রয়ী আন্তঃসীমান্ত পেমেন্ট সম্ভব করতে জাতীয় পেমেন্ট প্ল্যাটফর্মগুলির আন্তঃসংযোগের লক্ষ্যে কাজ করার নির্দেশ দিয়েছেন তাঁরা।

দুই দেশের অভিন্ন সাংস্কৃতিক ও ঐতিহাসিক ঐতিহ্য'কে স্বীকৃতি দিয়ে লোথালে জাতীয় সামুদ্রিক ঐতিহ্য কমপ্লেক্সে শিল্পকর্ম পাঠানোর যে সিদ্ধান্ত সংযুক্ত আরব আমিরশাহী নিয়েছে, প্রধানমন্ত্রী শ্রী মোদী তাকে স্বাগত জানিয়েছেন। দুই নেতা ভারত - সংযুক্ত আরব আমিরশাহী বন্ধুত্বের স্থায়ী প্রতীক হিসেবে আবুধাবিতে 'হাউস অফ ইন্ডিয়া' গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছেন। সাংস্কৃতিক সংযোগকে আরও নিবিড় করে তুলতে দুই দেশের যুবসমাজের আদান-প্রদান ও নাগরিক সংযোগকে উৎসাহ দিতে সহমত হয়েছেন তাঁরা।

ভারত – সংযুক্ত আরব আমিরশাহী অংশীদারিত্বের অন্যতম ভিত্তি হিসেবে শিক্ষাকে চিহ্নিত করে সংযুক্ত আরব আমিরশাহী'তে আইআইটি দিল্লি ও আইআইএম আহমেদাবাদের শাখা স্থাপনকে স্বাগত জানিয়েছেন দুই নেতা। দুই

ক্রমশঃ





পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# রাষ্ট্রপতির সঙ্গে স্পেনের বিদেশ, সমবায় ও ইউরোপীয় ইউনিয়ন বিষয়ক মন্ত্রীর সাক্ষাৎ

**নয়াদিল্লি, ২১ জানুয়ারি, ২০২৬**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে আজ স্পেনের বিদেশ, সমবায় ও ইউরোপীয় ইউনিয়ন বিষয়ক মন্ত্রী শ্রী হোসে ম্যানেয়েল অ্যালবারেজ সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতি শ্রী অ্যালবারেজকে স্বাগত জানিয়ে বলেন, ভারত ও স্পেনের মধ্যে প্রাচীনকাল থেকেই সম্পর্ক রয়েছে। এই সম্পর্ক ব্যবসা-বাণিজ্য, সংস্কৃতি ও গণতন্ত্র এবং বহুপাক্ষিকতার বিষয়ে অভিন্ন মূল্যবোধের ওপর গঠিত হয়েছে। এ বছর দুটি দেশের কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তি। এই উপলক্ষে ভারত-স্পেন ডুয়েল ইয়ার অফ কালচার, ট্যুরিজম অ্যান্ড



আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর মাধ্যমে এই বছরটি উদযাপন করা হচ্ছে।

রাষ্ট্রপতি বলেছেন, ভারত ও স্পেনের মধ্যে ক্রমবর্ধমান অর্থনৈতিক সম্পর্কের মূল ভিত্তি ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ। ইঞ্জিনিয়ারিং, রেল, পুনর্নবীকরণযোগ্য শক্তি, নগর পরিষেবা এবং প্রতিরক্ষা ক্ষেত্রে স্পেনের যে শক্তি রয়েছে ভারত সেগুলিকে গুরুত্ব সহকারে বিবেচনা করে। ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে অবাধ বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হওয়ায় দুটি দেশের সম্পর্ক আরও শক্তিশালী হবে। রাষ্ট্রসঙ্ঘ এবং জি-২০-র মতো বহুপাক্ষিক মঞ্চে উভয় রাষ্ট্র একযোগে কাজ করবে বলে শ্রীমতী মুর্মু আশা ব্যক্ত করেন।

বিশ্বে শান্তি, সমৃদ্ধি এবং সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যে দুটি দেশ কাজ করে চলেছে। সন্ত্রাসবাদের বিরুদ্ধে উভয় দেশ একযোগে কাজ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। ৭৭তম সাধারণতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসেবে ইউরোপীয় কাউন্সিলের সভাপতি এবং ইউরোপীয় কমিশনের সভাপতি উপস্থিত থাকবেন। রাষ্ট্রপতি জানান, তাঁদের স্বাগত জানাতে ভারত অধীর আগ্রহে অপেক্ষা করছে।

# মণিপুর, মেঘালয় এবং ত্রিপুরা রাজ্যের প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহের রাজ্যবাসীকে অভিনন্দন

**নয়াদিল্লি, ২১ জানুয়ারি, ২০২৬**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ মণিপুর, মেঘালয় ও ত্রিপুরা রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।

শ্রী শাহ সামাজিক মাধ্যম এক্স-এ একগুচ্ছ বার্তায় বলেছেন, "মণিপুরের ভাই ও বোনেদের রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে শুভেচ্ছা জানাই। এই রাজ্যে প্রাণবন্ত সংস্কৃতি রয়েছে এবং প্রতিভাবান নাগরিকরা রাজ্যের বাসিন্দা। মণিপুর আমাদের সকলের গর্বের। আগামীদিনে এই রাজ্য উন্নতির নতুন উচ্চতায় পৌঁছাক, সেই কামনাই করি।"

শ্রী শাহ আরও বলেছেন, "মেঘালয় রাজ্যের প্রতিষ্ঠা দিবসে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানাই। সমৃদ্ধ জীববৈচিত্র্যে ভরপুর এই




রাজ্য, সংস্কৃতি এবং নানা ধরনের আচার-অনুষ্ঠানের জন্য পরিচিত। মেঘালয় ভারতের চেতনাকে শক্তি যোগায়। এই রাজ্য প্রগতির এক নতুন মাইলফলক স্পর্শ করুক, সেই প্রার্থনাই করি।"

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন, "ত্রিপুরার রাজ্য দিবস উপলক্ষে ত্রিপুরার সকল ভাই-বোনেদের প্রতি রইল শুভেচ্ছা। উন্নয়নের নতুন উচ্চতায় ত্রিপুরা ভারতের অগ্রগতিতে গর্বিত অবদানকারী হিসেবে আজ নিজেকে প্রতিষ্ঠিত করেছে। মোদীজির নেতৃত্বে মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা জনসাধারণের আকাঙ্ক্ষা পূরণের মাধ্যমে রাজ্যকে এইভাবেই এগিয়ে নিয়ে যান, সেই কামনাই করি।"

(৩ পাতার পর)

## কলকাতায় এনজিটি-র পূর্বাঞ্চলীয় শাখায় শিশুদের জন্য খেলার জায়গার ব্যবস্থা

অঙ্গীকার এর মাধ্যমে প্রতিফলিত হয়েছে। ১৯৬১ সালের সংশোধিত মাতৃত্বকালীন সুবিধা আইনের আওতায় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের 'পালনা' প্রকল্পের আওতায় কর্মীদের শিশুদের জন্য এই খেলার জায়গাটির ব্যবস্থা করা হয়েছে। মহিলা কর্মীরা যাতে তাঁদের শিশুদের কর্মক্ষেত্রে নিয়ে আসতে কোনো সমস্যায় না পড়েন তা নিশ্চিত করতে সুপ্রিম কোর্ট যে নির্দেশ দিয়েছিল, সেটি কার্যকর করতে এই উদ্যোগ। এখানে ৩-১০ বছর বয়সী শিশুদের জন্য একটি নিরাপদ ও স্বাস্থ্যকর খেলার জায়গার ব্যবস্থা করা হয়েছে, যেখানে খেলতে খেলতে শিশুরা বিভিন্ন বিষয় সম্পর্কে জানতে পারবে। এর ফলে, কর্মীরাও কাজের জায়গা এবং ব্যক্তিগত পরিসরের মধ্যে সুষম একটি ব্যবস্থাপনা গড়ে তুলতে পারবেন।

সিনেমার খবর cinema TV

# সিনেমায় রানির ৩ দশক, দিলেন আবেগঘন বার্তা

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড অভিনেত্রী রানি মুখার্জি আসন্ন 'মারদানি ৩' সিনেমার মধ্য দিয়ে আবারও বড় পর্দায় ফিরতে যাচ্ছেন। এদিকে এ বছরেই রুপালি পর্দায় ক্যারিয়ারের ৩০ বছর পূর্ণ করলেন তিনি। এই দীর্ঘ ক্যারিয়ারে অসংখ্য স্মরণীয় ও উল্লেখযোগ্য চরিত্রে অভিনয় করেছেন। তার অভিনীত বিভিন্ন চরিত্র বারবার দর্শকের মন ছুঁয়েছে। এবার ক্যারিয়ারের তিন দশক নিয়ে সামাজিক মাধ্যমে এক পোস্টে মনের কথা তুলে ধরলেন অভিনেত্রী।

ক্যারিয়ারের শুরু থেকেই নানা চরিত্রের জন্য বেশ কিছু চ্যালেঞ্জ নিয়েছিলেন রানি। তিনি এমন কিছু চরিত্র বেছে নিয়েছিলেন যা নারীর মর্যাদা এবং আত্মসম্মানের কথা বলে। তার অভিনয় নারীর ভাবমূর্তিকে নতুন ভাবে সংজ্ঞায়িত করেছে।

বলিউডে তিন দশক পূর্ণ হওয়ায় চার পৃষ্ঠার একটি আবেগঘন বিবৃতি পোস্ট করেছেন রানি, যেখানে তার ক্যারিয়ার নিয়ে নানা কথা শেয়ার করেন তিনি। অভিনেত্রী লিখেছেন, চলচ্চিত্র জগতে পা রাখার কোনো পরিকল্পনা ছিল না তার। বলিউডে আসার মতো তার কোনো মাস্টারপ্ল্যানও ছিল না।

অভিনেত্রীর মতে কঠোর পরিশ্রম, সততা এবং ভাল কাজের কোনও বিকল্প নেই। তার কাছে এই মাইলফলক পিছনে ফিরে তাকানোর চেয়ে সামনে এগিয়ে যাওয়াই আসল উদ্দেশ্য।

রানির কাছে সিনেমা কেবল বিনোদনের মাধ্যম ছিল না। একজন নির্ভীক পুলিশ অফিসার বা একজন সাধারণ মহিলা, চরিত্র যেমনই হোক রানি সবসময়ই তার সিদ্ধান্তে অটল ছিলেন। তাই রানির অভিনীত চরিত্রগুলো সবসময়ই দর্শকদের নতুন করে ভাবিয়েছে।

সেই পোস্টে ভক্ত ও শুভাকাঙ্ক্ষীদের ধন্যবাদ জানিয়ে রানি আরও লিখেছেন, 'আমাকে এমন একটা জায়গা উপহার দেওয়ার জন্য সকলকে ধন্যবাদ। আজও আমি নিজেকে একজন নবাগত অভিনেত্রী মনে করি। সামনে আরও কঠোর পরিশ্রম করতে চাই, নতুন চ্যালেঞ্জ নিতে চাই এবং এখন থেকে আমার জীবনের একটি সম্পূর্ণ নতুন অধ্যায় লিখতে চাই। আমার ভক্ত এবং দর্শকদের বলতে চাই আপনারা ছাড়া আমি এই জায়গায় পৌঁছতে পারতাম না। আপনারা ছাড়া আমি সত্যিই কেউ নই।'

# জলদস্যু রানি চরিত্রে প্রিয়াঙ্কা

স্টাফ রিপোর্টার, রোজদিন

মিষ্টি হাসি আর গ্ল্যামারের পরিচিত ছক ভেঙে নতুন বছরে একেবারে ভিন্ন অবতারে ফিরছেন প্রিয়াঙ্কা চোপড়া। এবার পর্দায় ঝড় তুলতে প্রস্তুত তিনি। আসন্ন সিনেমা 'দ্য ব্লাফ'-এ ভয়ংকর জলদস্যু রানি ব্লাডি মেরি চরিত্রে দেখা যাবে এই হলিউড তারকাকে যেখানে রক্তচক্ষু, কঠোর মানসিকতা আর রহস্যে ঘেরা এক নারীর গল্প তুলে ধরা হয়েছে।

সিনেমার গল্পে দেখা যাবে, অতীতের নিষ্ঠুর জীবন পেছনে ফেলে নির্জন এক দ্বীপে শান্তির খোঁজে ছিলেন ব্লাডি মেরি। কিন্তু ভাগ্যের নির্মম টানে তাকে আবারও ফিরতে হয় রক্তাক্ত সংঘর্ষের পথে। পুরনো প্রেম, পুরনো শত্রু আর প্রতিশোধের আগুনে নতুন করে জ্বলে উঠবে এই চরিত্রের অধ্যায়।




সম্প্রতি প্রিয়াঙ্কা চোপড়া ও প্রাইম ভিডিও তাদের এই আসন্ন প্রজেক্টের প্রথম লুক প্রকাশ করেছে। ইনস্টাগ্রামে ছবিটি শেয়ার করে প্রিয়াঙ্কা ক্যাপশনে লিখেছেন, 'মা, রক্ষাকর্তা, জলদস্যু।' ইতোমধ্যেই যা ভক্তদের মধ্যে আলোচনার ঝড় তুলেছে।

প্রকাশিত প্রথম দৃশ্যে দেখা যায়, সমুদ্র তীরবর্তী দুর্গম এক পরিবেশে ব্লাডি মেরি চরিত্রে প্রিয়াঙ্কা আকাশ থেকে ঝাঁপিয়ে পড়ছেন কার্ল আরবানের দিকে। হাতে উঁচু অস্ত্র, চোখেমুখে তীব্র ক্রোধ। অন্যদিকে কার্ল আরবানকে দেখা যায় লম্বা কালো কোট পরা অবস্থায়, তরবারি হাতে আঘাত প্রতিহত করার প্রস্তুতিতে। আরেকটি দৃশ্যে রক্ত-ময়লায় ভেজা প্রিয়াঙ্কা শক্ত হাতে অস্ত্র ধরে শত্রুর ওপর ঝাঁপিয়ে পড়ার মুহূর্তে ধরা দেন।

ফ্রাঙ্ক ই. ফ্লাওয়ারের পরিচালনায় নির্মিত 'দ্য ব্লাফ' সিনেমায় প্রিয়াঙ্কার সঙ্গে আরও অভিনয় করেছেন টেমুয়েরা মরিসন, গ্যারি বিডল, কার্ল আরবানসহ বেশ কয়েকজন আন্তর্জাতিক তারকা। অ্যাকশন-অ্যাডভেঞ্চার ঘরানার এই সিনেমাটি আগামী ২৫ ফেব্রুয়ারি প্রাইম ভিডিওতে মুক্তি পাবে।

# ফের মা হচ্ছেন সোনম কাপুর



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড অভিনেত্রী সোনম কাপুর দ্বিতীয়বার মা হতে চলেছেন। ইনস্টাগ্রামে একটি ছবি শেয়ার করে তিনি এই সুখবর প্রকাশ করেছেন। ছবিতে সোনম লং কোট ও স্কার্ট পরেছেন, এবং স্পষ্ট বেবিবাম্প দেখা যাচ্ছে। উজ্জ্বল হাসি আর মুখের দীপ্তি ছবিতে নজর কাড়ে। ছবির ক্যাপশনে তিনি শুধু লিখেছেন একটি শব্দ—"মা"।

পোস্টটি শেয়ার করার পর স্বামী আনন্দ আহুজা মজার ছলে কমেন্ট করেছেন, "ডাবল ট্রাবল" অর্থাৎ জোড়া ঝামেলা। ছবিটি প্রকাশের পরই সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছার জোয়ার বয়ে গেছে। নেটিজেনরা মন্তব্য করছেন, সোনমের এই লুক দেখলে মনে হচ্ছে প্রিন্সেস ডায়নার মতো মাতৃত্বের দীপ্তি তার চোখে-মুখে।

সোনমের বলিউড যাত্রা শুরু হয়েছিল সঞ্জয় লীলা বানসালির 'সাওয়ারিয়া' চলচ্চিত্রের মাধ্যমে। এরপর তিনি একাধিক ছবিতে অভিনয় করেছেন। সর্বশেষ তাকে দেখা গেছে ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত ক্রাইম থ্রিলার 'ব্লাইন্ড'-এ। বর্তমানে তার সময় কাটে স্বামী ও সন্তানকে কেন্দ্র করে। সোনম ২০১৮ সালে আনন্দ আহুজাকে বিয়ে করেন। তাদের প্রথম সন্তান বায়ু জন্ম নেয় ২০২২ সালে। চলতি বছরের আগস্টে ছেলে বায়ুর তৃতীয় জন্মদিন উদযাপন করেন তারা।

গত অক্টোবরে মুম্বাইয়ে নবরাত্রি উৎসবের সময় দ্বিতীয়বার মা হওয়ার সুখবর দেন সোনম। সূত্রের খবর, অন্তঃসত্ত্বা হওয়ার কয়েক মাস পরেই তিনি এই খবর পরিবার ও ঘনিষ্ঠ মহলে জানান। এরপর থেকেই চলছে নতুন অতিথিকে বরণ করার প্রস্তুতি।

# বার্সাকে ‘গার্ড অব অনার’ দিতে অস্বীকৃতি, সমালোচনার মুখে এমবাপে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

স্প্যানিশ সুপার কাপের ফাইনালকে ঘিরে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিলেন কিলিয়ান এমবাপে। দলের প্রধান তারকাকে ফাইনালের জন্য বিশেষভাবে স্পেন থেকে উড়িয়ে আনা হয়। গুঞ্জন ছিল, ব্যথানাশক ইনজেকশন নিয়েই হলেও শুরুর একাদশে দেখা যেতে পারে ফরাসি এই সুপারস্টারকে।

তবে প্রত্যাশার সেই দৃশ্য দেখা যায়নি। এল ক্লাসিকো ফাইনালে এমবাপে নামেন ম্যাচের শেষ দিকে, বদলি হিসেবে। মাঠে নেমেও দলের ভাগ্য বদলাতে পারেননি তিনি। ফাইনাল হারের পর এখন বিতর্কিত এক কাণ্ড ঘটিয়ে উল্টো সমালোচনার মুখে পড়েছেন এমবাপে।

স্প্যানিশ সাংবাদিক আলফ্রেদো মার্তিনেজের জানিয়েছেন, সুপার কাপ ফাইনালে হারের পর রিয়াল মাদ্রিদের খেলোয়াড়দের বার্সেলোনাকে ‘গার্ড অব অনার’ না



দিতে নির্দেশ দেন কিলিয়ান এমবাপে। কাতালান চ্যানেল এস্পোর্তে-থ্রি- এর ভিডিওতেও এমনটাই দেখা যায়।


ফাইনালে রেফারির শেষ বাঁশি বাজার পর রিয়াল মাদ্রিদের তারকারা সরাসরি বেঞ্চের দিকে চলে যান। তখন কোচ জাবি আলোনসোই তাদের জানান, বাধ্যতামূলক নয় এমন ‘গার্ড অব অনার’ বা স্পেনে যাকে ‘পাসিয়ো’ বলা হয়, সেটি দেওয়ার কথা। সেই সময় বার্সেলোনার খেলোয়াড়রা বিজয়ী পদক নিতে এগিয়ে যাচ্ছিলেন। তবে মার্তিনেজের মতে, এমবাপেই সতীর্থদের ডাগআউটের দিকে নিয়ে যান। ক্যামেরায় ধরা পড়ে, ১০ নম্বর জার্সিধারী এই ফরোয়ার্ড স্পষ্টভাবে অসন্তোষ প্রকাশ করছেন এবং গার্ড অব অনারে অংশ নিতে আগ্রহ দেখানো রাউল আসেনসিওর দিকে তাকিয়ে অবিশ্বাসের ভঙ্গিতে অন্য এক সতীর্থের সঙ্গে কিছু বলছেন।

এই ঘটনার জেরে সামাজিক মাধ্যম এক্সে (টুইটার) একটি জনপ্রিয় অ্যাকাউন্ট এমবাপেকে ‘সর লুসার ’ বা ‘হার মেনে নিতে না পারা’ খেলোয়াড় বলে আখ্যা দেয় এবং সেই ভিডিও ক্লিপ শেয়ার করে।

স্প্যানিশ সংবাদমাধ্যম স্পোর্তের প্রতিবেদনে এমবাপের এমন আচারণকে ‘অখেলোয়াড়সুলভ’ লিখেছে। অনেক বার্সা সমর্থকদের কাছেও এই ঘটনা দৃষ্টিকটু মনে হয়েছে।

রোমাঞ্চকর ফাইনালে ৭৬ মিনিটে গঞ্জালো গার্সিয়ার বদলি নামেন এমবাপে। ২-৩ গোলে পিছিয়ে থাকা দলকে উদ্ধার করতে এসে শেষ মুহূর্তে সতীর্থকে দিয়ে একটি গোল করানোর খুব কাছে ছিলেন। তবে একের পর এক সুযোগ হাতছাড়া করে চিরপ্রতিদ্বন্দ্বিদের কাছে ফাইনাল হারের একরাশ হতাশা নিয়ে মাঠ ছাড়ে লস ব্লাঙ্কোসরা।

## আটটি ফাইনালে অপরাজিত থাকার রহস্য কী? জানালেন ফ্লিক



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জেদ্দায় অনুষ্ঠিত স্প্যানিশ সুপার কাপের ফাইনালে রিয়াল মাদ্রিদকে ৩-২ গোলে হারিয়ে শিরোপা জিতেছে হ্যান্সি ফ্লিকের বার্সেলোনা। বার্সেলোনার কোচ হিসেবে এটি ছিল ফ্লিকের তৃতীয় ফাইনাল, আর তিনবারই তিনি জয়ের স্বাদ পেয়েছেন।

মজার বিষয় হলো প্রতিবারই বার্সার প্রতিপক্ষ ছিল চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদ। গত মৌসুমে সুপার কাপ ও কোপা দেল রে জয়ের পর এবার সেই সাফল্যের সঙ্গে যুক্ত হলো আরেকটি সুপার কাপ।

এর আগে বায়ার্ন মিউনিখের দায়িত্বে থেকেও ফ্লিক পাঁচটি ফাইনালে জয় পান। ২০২০ সালে তার কোচিংয়ে বায়ার্ন জেতে জার্মান কাপ, চ্যাম্পিয়ন্স লিগ, উয়েফা সুপার কাপ ও জার্মান সুপার কাপ। সব মিলিয়ে আটটি ফাইনাল খেলে এখন পর্যন্ত অপরাজিত এই জার্মান কোচ।

ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে ফ্লিক বলেন, ‘ফাইনালে জয়ের পেছনে কোনো গোপন কৌশল নেই’। তার ভাষায়, প্রতিপক্ষের চেয়ে এক গোল বেশি করাই আসল বিষয়। তিনি কৃতিত্ব দেন খেলোয়াড়দের মানসিক দৃঢ়তা ও আত্মবিশ্বাসকে। অতীতের সাফল্য নিয়ে ভাবতে তিনি আগ্রহী নন বলেও জানান ফ্লিক।

তিনি আরও বলেন, ক্লাসিকোর মতো ম্যাচের ফাইনালে জয় সবসময়ই বিশেষ কিছু। দলের পারফরম্যান্সে তিনি সন্তুষ্ট এবং গর্বিত, কারণ বার্সেলোনা পুরো ম্যাচে নিয়ন্ত্রণ ধরে রেখে নিজেদের পরিচিত ধাঁচের ফুটবল খেলতে পেরেছে।

## কতটা গুরুতর মার্তিনেজের চোট?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অ্যাস্টন ভিলা এবং আর্জেন্টিনা জাতীয় দলের জন্য দুশ্চিন্তার খবর। বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেজ আবারও ইনজুরিতে পড়েছেন। ইংলিশ প্রিমিয়ার লিগে ক্রিস্টাল প্যালেসের বিপক্ষে গোলশূন্য ড্র ম্যাচে বিরতির পর মাঠে নামতে পারেননি তিনি।

সেলহার্স্ট পার্কে অনুষ্ঠিত ম্যাচে মার্তিনেজ বাঁ পায়ের কাফ মাসলে অস্বস্তি অনুভব করেন। দ্বিতীয়ার্ধ শুরুর আগে তাকে বদলি করা হয়। তার পায়ে বরফ দেওয়া হয়। এই চোটের কারণে কাল শনিবার (১০ জানুয়ারি) টটেনহ্যামের বিপক্ষে এফএ কাপের তৃতীয় রাউন্ডে মার্তিনেজের খেলা নিয়ে শঙ্কা তৈরি হয়েছে।

এ প্রসঙ্গে অ্যাস্টন ভিলা কোচ উনাই এমেরি বলেন, ‘হ্যাঁ, এমির



চোট আছে। এটা ছোটখাটো চোট। আমি ডাক্তার নই, তবে এটা কাফ ইনজুরি। আমরা এখন মেডিক্যাল চেক করাব, আশা করছি কয়েক দিন বা কয়েক সপ্তাহের মধ্যে সে মাঠে ফিরতে পারবে।’

চলতি মৌসুমে বিভিন্ন শারীরিক সমস্যার কারণে ইতিমধ্যেই পাঁচটি অফিসিয়াল ম্যাচ মিস করেছেন মার্তিনেজ। টটেনহ্যামের বিপক্ষে না খেলতে পারলে, এই মৌসুমে তার অনুপস্থিত ম্যাচের সংখ্যা দাঁড়াবে ছয়—যা দলের প্রথম পছন্দের গোলরক্ষকের জন্য অস্বাভাবিক। অ্যাস্টন ভিলা তাই মার্তিনেজের চোটমুক্তির অপেক্ষায় আছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR